



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ

ফোন : 02996600726, ই-মেইল : sgovc@yahoo.com

ওয়েবসাইট : www.sugc.edu.bd



তারিখ : ০৪ জুলাই ২০২৪ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত  
জরুরি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য যে সকল ইচ্ছুক আবেদনকারী প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তাদের জন্য এই ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ০৭ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই।

২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ স্লিপে পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং: ১০ (২২৬) জাতী:বি:/রেজি:/ অ্যাকা:/ ২০২৪/ ২৯০০, তারিখ: ১৫/০২/২০২৪ এ প্রকাশিত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Prospectus (Professional) / Important Notice অপশন থেকে জানা যাবে।

**ভর্তি প্রক্রিয়ার ধাপসমূহ :**

ধাপ	ভর্তির কার্যক্রম	তারিখ
১ম	২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ	০৭/০৭/২০২৪ থেকে ১৫/০৭/২০২৪
২য়	আবেদনকারীদের ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা সোনালী ই-সেবার মাধ্যমে জমা	০৭/০৭/২০২৪ থেকে ১৬/০৭/২০২৪
৩য়	প্রয়োজনীয় কাগজপত্র (প্রাথমিক আবেদন ফরম এবং টাকা জমার রশিদ) হিসাববিজ্ঞান বিভাগে জমাদান	০৭/০৭/২০২৪ থেকে ১৬/০৭/২০২৪ সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টা

ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্রটি কলেজ নিশ্চায়ন করবে, যা আবেদনকারীগণ তাদের মোবাইল ফোনে SMS এর মাধ্যমে জানতে পারবে। আবেদনপত্রটি কলেজে জমা দেওয়ার পরেও কোন কারণে ১৬/০৭/২০২৪ খ্রিস্টাব্দ রাত ১২টার মধ্যে নিশ্চায়নের SMS না পেলে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবশ্যই ১৭/০৭/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টার মধ্যে ভর্তি সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত শিক্ষককে (হিসাববিজ্ঞান বিভাগে) বিষয়টি জানাতে হবে। অন্যথায়, সৃষ্ট জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করা যাবেনা।


সুনামগঞ্জ সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বিষয়ওয়ারী শূন্য আসন সংখ্যা নিম্নরূপঃ

বিভাগ	শূন্য আসন সংখ্যা	বিভাগ	শূন্য আসন সংখ্যা
অর্থনীতি	০৪	দর্শন	০৭
হিসাববিজ্ঞান	৪১	গণিত	০৭
ব্যবস্থাপনা	১০		


ভর্তি বিষয় সংক্রান্ত তথ্যের জন্যঃ মোবাইল : 01712-173780, (সকাল ১০টা-বিকাল ০২টা)

\*\* ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত/নীতিমালা/নির্দেশনা চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রতিস্বাক্ষর,

  
(প্রফেসর মো. শামসুল আলম)  
অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ

  
আহ্বায়ক

২০২৩-২০২৪ স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি কমিটি  
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ